



## বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের জ্বালানি সহযোগিতা চুক্তি সই



ছবি: সংগৃহীত

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে জ্বালানি খাতে সহযোগিতা বাড়াতে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে যুক্তরাষ্ট্রের জ্বালানি মন্ত্রণালয়ে এ চুক্তি স্বাক্ষরিত হয়।

বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং যুক্তরাষ্ট্রের পক্ষে জ্বালানিমন্ত্রী ক্রিস রাইট সমঝোতা স্মারকে সই করেন। বিষয়টি নিশ্চিত করেছে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস।

দূতাবাস জানিয়েছে, বৈশ্বিক জ্বালানি সংকট ও মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতির মধ্যে বাংলাদেশের দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি জ্বালানি উৎসের বহুমুখীকরণ ও সরবরাহব্যবস্থা আরও স্থিতিশীল করতে সহায়তা করবে।

চুক্তির আওতায় তেল, গ্যাস, ভূতাপীয় শক্তি ও জৈবশক্তি খাতে দুই দেশের মধ্যে গবেষণা, প্রযুক্তি বিনিময় ও সক্ষমতা উন্নয়নে সহযোগিতা বাড়বে। এছাড়া যুক্তরাষ্ট্র থেকে এলএনজি, এলপিগ্যাসহ বিভিন্ন জ্বালানি পণ্য আমদানির ক্ষেত্রেও এটি সহায়ক হবে।

অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এ সমঝোতাকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্কের নতুন অগ্রগতি হিসেবে উল্লেখ করেন। অন্যদিকে মার্কিন জ্বালানিমন্ত্রী ক্রিস রাইটও এটিকে দুই দেশের সহযোগিতার গুরুত্বপূর্ণ মাইলফলক বলে অভিহিত করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা ও যুক্তরাষ্ট্রের জ্বালানি মন্ত্রণালয়ের উর্ধ্বতন প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।